“যখন আমাকে মি‘রাজে নিয়ে যাওয়া হলো, সে সময় এমন ধরনের কিছু মানুষের নিকট দিয়ে অতিক্রম করলাম, যাদের নখ ছিল তামার, তা দিয়ে তারা নিজেদের মুখমণ্ডল খামচে ক্ষত-বিক্ষত করছিল

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন আমাকে মি‘রাজে নিয়ে যাওয়া হলো, সে
সময় এমন ধরনের কিছু মানুষের নিকট দিয়ে অতিক্রম করলাম, যাদের নখ ছিল তামার, তা দিয়ে
তারা নিজেদের মুখমণ্ডল খামচে ক্ষত-বিক্ষত করছিল। আমি, প্রশ্ন করলাম, ওরা কারা? হে জিবরীল! তিনি বললেন, ওরা সেই লোক, যারা মানুষের মাংস ভক্ষণ করত ও তাদের সম্ভ্রম লুটে বেড়াত”।
[হাসান] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: ইসরা ও মি'রাজের রাতে যখন তাঁকে আসমানে তুলে নেওয়া হয়, তখন তিনি তামার নখ বিশিষ্ট কিছু লোকের পাশ দিয়ে অতিক্রম করলেন, যা দিয়ে তারা তাদের মুখমন্ডল ও বুক ক্ষতিবিক্ষত এবং জখম করছিল। ফলে তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম জিব্রাইল আলাইহিস সালামকে জিজ্ঞাসা করলেন: এই লোকেরা এমন কী করেছে যার জন্য এই শাস্তি দেওয়া হচ্ছে? জিব্রাইল আলাইহিস সালাম বললেন: এরা সেইসব লোক যারা মানুষের গীবত করে এবং তাদের সম্মান নিয়ে অন্যায়ভাবে কথা বলে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4229